Connecticut Birth to Three System

# IDEA পার্ট C এর অধীনে পিতা বা মাতার অধিকারসমূহ

বিকাশগত বিলম্ব বা প্রতিবন্ধী শিশুদের এবং ছোট বাচ্চাদের পরিবারের জন্য

জানুয়ারি 2022

# আইন যা বলে

পরিবারে বিশেষ চাহিদাসম্পন্ন একটি শিশু থাকলে, জীবন প্রত্যাশার চেয়ে বেশি জটিল হয়ে উঠতে পারে।

শিশুর বিকাশের ক্ষেত্রে শিশুর পরিবারের চেয়ে আর কেউ গুরুত্বপূর্ণ হতে পারে না। ঠিক এই কারণেই শিশুর পিতা বা মাতার ফেডারেল আইন অনুসারে তাদের অধিকারসমূহ জেনে অবশ্যই শিশুদের দায়িত্বে থাকতে হবে।

সেই লক্ষ্য অর্জনে সহায়তা করার জন্যই এই পুস্তিকাটি লেখা হয়েছিল।

Individuals with Disabilities Education Act (IDEA, ইন্ডিভিজুয়ালস উইথ ডিজঅ্যাবিলিটিস এডুকেশন অ্যাক্ট) নামক একটি ফেডারেল আইন আছে যেটি প্রতিবন্ধী শিশুদের জন্য বিশেষ শিক্ষা বা বিকাশগত বিলম্বকে নিয়ন্ত্রণ করে থাকে। এই আইনটির পার্ট C শিশু এবং ছোট বাচ্চাদের পরিবারের সহায়তাগুলি কভার করে এবং নির্দিষ্ট কিছু অধিকার নিশ্চিত করে যেগুলিকে প্রক্রিয়াগত সুরক্ষা বলা হয়। IDEA-এর অধীনে পরিবারের অধিকারসমূহ 211 চাইল্ড ডেভেলপমেন্টে রেফারেল পয়েন্ট থেকে Birth to Three System (বার্থ টু থ্রি সিস্টেম) পর্যন্ত শুরু হয়। Birth to Three
জাতি, সংস্কৃতি, ধর্ম, আয় বা অক্ষমতার ভিত্তিতে বৈষম্য করে না।



আপনি যদি IDEA এর একটি সম্পূর্ণ কপি চান তাহলে **Birth23.org** ভিজিট করুন এবং About Us (আমাদের সম্পর্কে) এবং তারপর Related Laws and Regulations (সংশ্লিষ্ট আইন ও রেগুলেশন)-এ ক্লিক করুন; অথবা প্রিন্ট করা কপির জন্য **860-500-4400** এ কল করুন।

# IDEA প্রত্যেক পিতা বা মাতাকে নিম্নলিখিত সুরক্ষা প্রদান করে:



## 1. লিখিত সম্মতি জানানোর অধিকার:

পিতা বা মাতাকে অবশ্যই তাদের সন্তানের মূল্যায়ন করার আগে; পরিষেবাগুলি শুরু হওয়ার আগে বা পরিবর্তিত হওয়ার আগে; এবং তাদের সন্তান বা পরিবারের তথ্য অন্য কারো সাথে শেয়ার করার আগে লিখিত অনুমতি দিতে হবে। সিদ্ধান্ত নিতে বা লিখিত সম্মতি দেওয়ার পূর্বে একজন পিতা বা মাতাকে প্রোগ্রাম সম্পর্কিত সম্পূর্ণ তথ্য এবং ব্যাখ্যা প্রদান করা হয়। লিখিত সম্মতি লিখিতভাবে যেকোনো সময় বাতিল করা যেতে পারে।

## 2. লিখিতভাবে নোটিফিকেশন গ্রহণ করার অধিকার:

কোনো বিবেচনা বা মূল্যায়ন করার আগে একজন পিতা বা মাতা অবশ্যই তাদের প্রোগ্রাম থেকে লিখিত নোটিশ পাবেন। এছাড়া, কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে যথাযথ সময়ের মধ্যে লিখিত নোটিশ দিতে হবে:

- যোগ্যতা
- Individualized Family Service Plan (IFSP, ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান) সভা
- পরিষেবা শুরু বা পরিবর্তন করা
- পরিষেবা প্রত্যাখ্যান
- Birth to Three থেকে প্রস্থান

### 3. একটি সমন্বিত IFSP বা স্বতন্ত্র পরিবার পরিষেবা পরিকল্পনার অধিকার:

IFSP নামক লিখিত পরিকল্পনা একটি দল তাদের নিজেদের এবং তাদের সন্তানের জন্য পরিবারের ফলাফল রেকর্ড করার জন্য তৈরি করে থাকে। এটি Birth to Three সহায়তাগুলোকে তালিকাভুক্ত করে যেটি সেই ফলাফলে পৌঁছাতে সেরা সহায়তা হতে পারে এবং এটি কখন, কোথায় এবং কীভাবে Early Intervention Services (EIS, আর্লি ইন্টারভেনশন সার্ভিস) হবে তা বর্ণনা করে। একজন পিতা বা মাতা তার সম্মতিতে থাকা কোনো কিছুকে প্রভাবিত না করেই IFSP এ থাকা কিছু পরিষেবা প্রত্যাখ্যান করতে পারেন। একজন পিতা বা মাতা এবং পরিবারের অন্যান্য সদস্য IFSP তৈরি করতে পরিষেবা সমন্বয়কারী এবং অন্যান্য দলের সদস্যদের সাথে কাজ করে।

একজন পিতা বা মাতা যাকে চান তাকে একজন উকিল সহ IFSP সভায় আমন্ত্রণ জানাতে পারেন। অনুরোধ করা হলে কমপক্ষে প্রতি ছয় মাস বা তার আগে IFSP পর্যালোচনা করা হয়।

যেহেতু আর্লি ইন্টারভেনশন (Early Intervention)-এর কেন্দ্রবিন্দু হলো পরিবারগুলি পরিদর্শনের মধ্যে কী করে, তাই প্রত্যেক পিতা বা মাতা সক্রিয়ভাবে সময়, তারিখ এবং পরিদর্শনের স্থান এবং IFSP সভা নির্ধারণের সাথে সম্পৃক্ত থাকে।

একটি পর্যালোচনা সভা সাম্প্রতিক অনুষ্ঠিত হওয়া সত্ত্বেও একজন পিতা বা মাতা যেকোনো সময়
IFSP এর পর্যালোচনার অনুরোধ করতে পারেন।

### 4. প্রাকৃতিক পরিবেশে পরিষেবা পাওয়ার অধিকার:

প্রাকৃতিক পরিবেশ এমন জায়গা যেখানে শিশুরা থাকে, শেখে এবং খেলতে পারে তার চেয়েও বেশি কিছু। প্রাকৃতিক পরিবেশ হলো সেই সমস্ত ক্রিয়াকলাপ এবং রুটিন যা শিশুদের তাদের দৈনন্দিন জীবনে বাড়িতে এবং তাদের কমিউনিটির অংশে পরিণত হয়। প্রত্যেক পিতা বা মাতা এবং তাদের দল একসাথে কৌশল নিয়ে আসেন যা Early Intervention (EI, আর্লি ইন্টারভেনশন) পরিদর্শনের মধ্যে নিয়মিত
কার্যকলাপের অংশ হিসেবে পরিচালনা করা যেতে পারে। সামান্য পরিবর্তন এবং সারাদিনে সেগুলি পুনরাবৃত্তি করা শিশুদের নতুন দক্ষতা বিকাশে সহায়তা করে। যখন একটি পরিদর্শন পরিবারের প্রাকৃতিক পরিবেশ ব্যতীত অন্য কোথাও সম্পন্ন করতে হয়, তখন IFSP দলকে পরিকল্পনায় লিখিত যুক্তি প্রদান করতে হবে।

5. **গোপনীয়তার অধিকার:** ব্যক্তিগতভাবে শিশু বা পরিবারের কোনো সদস্যকে শনাক্ত করে এমন যেকোনো তথ্যের অ্যাক্সেস Birth to Three কর্মীদের মধ্যে; অথবা স্টেট বা ফেডারেল অডিটর বা স্বীকৃত অ্যাজেন্সির কাছে সীমাবদ্ধ থাকবে। একজন পিতা বা মাতাকে তাদের সন্তানের ইলেকট্রনিক বা লিখিত রেকর্ড থেকে তথ্য অন্য কারো সাথে শেয়ার করার আগে অবশ্যই লিখিতভাবে সম্মত হতে হবে।

6. **রেকর্ড পর্যালোচনা এবং সংশোধন করার অধিকার:**
একজন পিতা বা মাতা যেকোনো সময় তার Birth to Three পরিদর্শন ও পর্যালোচনা করতে চাইতে পারেন। একটি অনুরোধে সম্মতি প্রদানের ক্ষেত্রে প্রোগ্রামটির 10 দিন সময় রয়েছে। ফাইলটি পর্যালোচনা করার পরে যদি পিতা বা মাতা মনে করেন যে কিছু একটা ভুল আছে অথবা রেকর্ডটি অসম্পূর্ণ থাকায় কিছু তথ্য যুক্ত করতে হবে তবে তারা পরিবর্তন করানোর জন্য অনুরোধ করতে পারেন। যদি প্রোগ্রামটি সন্তানের রেকর্ড পরিবর্তন করার অনুরোধের সাথে একমত না হয়, তাহলে একজন পিতা বা মাতা এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার জন্য শুনানির অনুরোধ করতে পারেন। একজন পিতা বা মাতা তাদের সন্তানের রেকর্ডের একটি বিনামূল্যের কপি পেতে পারেন। প্রোগ্রামটি অতিরিক্ত কপির জন্য চার্জ করতে পারে।





## 7. একটি লিখিত অভিযোগ দায়ের করার অধিকার:

একটি উদ্বেগ সমাধান করার দ্রুততম উপায় হলো পরিবারের পরিষেবা সমন্বয়কারী, প্রোগ্রাম ডিরেক্টর বা Birth to Three পরিচালনাকারী এজেন্সির সাথে কথা বলা। যদি একজন পিতা বা মাতা মনে করেন যে তার অধিকার লঙ্ঘন করা হয়েছে বা আইনের লঙ্ঘন হয়েছে, তাহলে সেই পিতা বা মাতা Birth to Three পরিচালনাকারী এজেন্সি হিসেবে অফিস অব আর্লি চাইল্ডহুড (OEC) এর কাছে একটি স্বাক্ষরিত লিখিত অভিযোগ দায়ের করতে পারেন। অভিযোগটি **CTBirth23@ct.gov** এ ইমেল করা বা নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে পাঠানো যেতে পারে:

**Connecticut Birth to Three System**
**450 Columbus Blvd., Suite 205**
**Hartford, CT 06103**

অভিযোগের একটি লিখিত কপি অবশ্যই Birth to Three প্রোগ্রামেও পাঠাতে হবে। পিতা বা মাতার নিকট থেকে আসলে সবচেয়ে ভালো হয়, তবে যদি সেটি পছন্দ হয় তাহলে প্রধান এজেন্সি এ ক্ষেত্রে সহায়তা করতে পারে।

পরিচালনাকারী এজেন্সি লিখিত অভিযোগের তদন্ত করবে এবং অভিযোগ পাওয়ার ষাট (60) ক্যালেন্ডার দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দেবে। মতপার্থক্য নিরসনের সময় পিতা বা মাতা এবং দল তাদের বর্তমান পরিকল্পনা পরিবর্তন করার ব্যাপারে একমত না হলে পরিবার বর্তমান IFSP-এ বিস্তারিত হিসেবে EI সমর্থন পাওয়া চালিয়ে যাওয়া বেছে নিতে পারে।

## ৪. বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়া:

মতপার্থক্য নিরসন করার বা Birth to Three -কে অবহিত করার আরেকটি উপায় হলো যে আইন লঙ্ঘন করা হয়েছে তার মধ্যস্থতা বা শুনানির অনুরোধ করা। মধ্যস্থতা একজন পিতা বা মাতাকে এবং প্রোগ্রাম কর্মীদেরকে একজন নিরপেক্ষ, প্রশিক্ষিত মধ্যস্থতাকারীর সাথে মতবিরোধের বিস্তারিত বিষয়ে কথা বলার অনুমতি প্রদান করে। মধ্যস্থতাকারী পিতা বা মাতা এবং প্রোগ্রামের সাথে একটি সমাধান খুঁজে বের করার জন্য কাজ করবেন যা উভয়ের জন্য উপযুক্ত এবং এক্ষেত্রে চুক্তির শর্তাবলীও লিখে রাখবেন। একজন পিতা বা মাতা যথাযথ প্রক্রিয়ায় শুনানির জন্য অনুরোধ করতে OEC এর সাথে যোগাযোগ করতে পারেন। এটি একজন নিরপেক্ষ শুনানি অফিসারের সামনে পরিচালিত আনুষ্ঠানিক প্রক্রিয়ার চাইতেও বেশি কিছু। একজন পিতা বা মাতার সাধারণত একজন অ্যাটর্নি থাকবেন যিনি তার হয়ে প্রতিনিধিত্ব করবেন এবং Birth to Three সিস্টেম একজন সহকারী অ্যাটর্নি জেনারেলের মাধ্যমে প্রতিনিধিত্ব করবেন।

Mediation in Early Intervention Services (আর্লি ইন্টারভেনশন সার্ভিসে মধ্যস্থতার) Due Process Hearings(একটি কপি বা ডিউ প্রসেস হিয়ারিং) নামে অন্য একটি প্রচারপত্র অনুরোধের ভিত্তিতে পাওয়া যাবে। এক কপির জন্য কেবল **CTBirth23@ct.gov** ঠিকানায় ইমেল করুন অথবা **860-500-4400** নম্বরে কল করুন।



# কোনো প্রশ্ন আছে?

পিতা বা মাতার অধিকার সম্পর্কে আরো তথ্যের জন্য প্রথমে পরিষেবা সমন্বয়কারী তারপর দলের কেউ বা প্রোগ্রামে একজন সুপারভাইজার বা পরিচালকের সাথে কথা বলুন। অন্যান্য পিতা বা মাতার সাথে কথা বলার জন্য যোগাযোগ করুন:

## CONNECTICUT PARENT ADVOCACY CENTER

**860-739-3089**

**338 Main Street**
**Niantic, CT 06357**

**CPACInc.org • cpac@cpacinc.org**

একজন পিতা বা মাতা যেকোনো সময় IDEA পার্ট C এর জন্য Birth to Three পরিচালনাকারী এজেন্সি হিসেবে Office of Early Childhood (OEC) এর সাথে যোগাযোগ করতে পারবেন।

## CT OFFICE OF EARLY CHILDHOOD

**860-500-4400**

## BIRTH TO THREE SYSTEM

**450 Columbus Boulevard**
**Suite 205**
**Hartford, CT 06103**

**Birth23.org • CTBirth23@ct.gov**

এই পণ্যটি Disabilities Education Act (ইন্ডিভিজুয়াল উইথ ডিজেবিলিটি এডুকেশন অ্যাক্টের) অধীনে U.S. Department of Education (U.S. মার্কিন ডিপার্টমেন্ট অব এডুকেশনের) অর্থায়নের মাধ্যমে তৈরি করা হয়েছে।

OEC